

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ১৭, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০২ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ/১৭ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৪১৯-আইন/২০২৪।—ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন, ২০১৮ (২০১৮ সনের ৩০ নং আইন) এর ধারা ১৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড বিধিমালা, ২০২৩ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৭ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৭। বোর্ডের সেবা প্রাপ্তির যোগ্যতা।—বোর্ড কর্তৃক প্রদেয় সেবা প্রাপ্তির জন্য প্রবাসী কর্মীর বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৮ নং আইন) এর ধারা ১৯ অনুযায়ী নিবন্ধন অথবা ধারা ২০ অনুযায়ী বর্তীগ্রহণ ছাড়পত্র থাকিতে হইবে :

তবে শর্ত থাকে যে, যুদ্ধাবস্থা, প্রাকৃতিক দুর্যোগ, নিয়োগকারী প্রতিষ্ঠান বা কোম্পানি লে-অফ বা প্রতিষ্ঠানের আর্থিক দুরবস্থা অথবা বিশেষ কোনো জরুরি পরিস্থিতিতে বোর্ড, সরকারের চাহিদার ভিত্তিতে, নিবন্ধিত বা অনিবন্ধিত যে কোনো সংখ্যক প্রবাসীকে সহায়তা প্রদান করিতে পারিবে :

আরও শর্ত থাকে যে, এইরূপ সহায়তার জন্য কোনো একক ব্যক্তি বা ব্যক্তি শ্রেণির স্ব-উদ্যোগে দাখিলকৃত আবেদন বিবেচনাযোগ্য হইবে না।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আয়েশা হক  
যুগ্মসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(২৯০৩৫)

মূল্য : টাকা ৪.০০